DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 12:24 AM

আন্তর্জাতিক

# প্রধানমন্ত্রীর বাসভবনের সামনে বিক্ষোভ, রাহুল-প্রিয়াঙ্কাকে সরিয়ে দিল পুলিশ

প্রতিবেদক: আন্তর্জাতিকা ডেস্ক
প্রকাশের তারিখ: বুধবার, ২২ জুলাই ২০২৬, ১০:২৩ AM



ভারতে শিক্ষার্থীদের ওপর পুলিশি নির্যাতন এবং নিট পরীক্ষার প্রশ্নফাঁসের প্রতিবাদে নয়াদিল্লিতে প্রধানমন্ত্রীর বাসভবনের সামনে বিক্ষোভ প্রদর্শন করেছেন বিরোধী নেতারা।

কংগ্রেস নেতা রাহুল গান্ধী, মল্লিকার্জুন খাড়গে, প্রিয়াঙ্কা গান্ধী এবং সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদবসহ ইন্ডিয়া জোটের শীর্ষ নেতারা প্রধানমন্ত্রীর বাসভবনের দিকে পদযাত্রা করেন এবং সেখানেই ধরনায় বসে পড়েন।

তাদের স্পষ্ট দাবি, এই অন্যায়ের দায় নিয়ে প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানকে অবিলম্বে পদত্যাগ করতে হবে। পরবর্তীতে দিল্লি পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে রাহুল, প্রিয়াঙ্কা ও অখিলেশসহ একাধিক প্রবীণ নেতাকে আটক করে এলাকা থেকে সরিয়ে দেয়।

বিক্ষোভ চলাকালীন কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং ধরনাস্থলে গিয়ে রাহুল গান্ধীর সঙ্গে কথা বলেন এবং আন্দোলন তুলে নেওয়ার অনুরোধ জানান। সরকারের পক্ষ থেকে দাবি করা হয়, সংসদে এ বিষয়ে আলোচনার আশ্বাস দেওয়া সত্ত্বেও বিরোধী দলনেতা বারবার তার দাবি পরিবর্তন

করছিলেন।

তবে রাহুল গান্ধী স্পষ্ট জানান, শিক্ষার্থীদের ভবিষ্যতের সঙ্গে কোনো আপস করা হবে না। এই কর্মসূচির আগে রাহুল ও প্রিয়াঙ্কা গান্ধী হাসপাতালে গিয়ে আহত শিক্ষার্থীদের খোঁজখবর নেন। সার্বিকভাবে, শিক্ষার্থীদের এই আন্দোলনকে কেন্দ্র করে বর্তমানে ভারতের রাজনীতি চরম উত্তপ্ত হয়ে উঠেছে।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া।

---

## এ বিভাগের আরও খবর



**তেহরান শিগগিরই □নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে□ যোগ দিতে চলেছে: ইরানি গভর্নর**
ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। আগামী ১২-১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অষ্টাদশ ব্রিকস শীর্ষ সম্ম...



**ইন্দোনেশিয়ায় ফের শক্তিশালী ভূমিকম্প**
ইন্দোনেশিয়ায় এক দিনের ব্যবধানে ফের শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। ভোরে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের পর দেশটির উত্তর সুমাত্রা প্রদ...



### হরমুজকে □মার্কিন ভূখণ্ড□ হিসেবে ঘোষণা করতে চান ট্রাম্প

ইরানকে যুদ্ধে পরাজিত করার পর পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন...



### ভারত সফরে আসছেন ইরানের প্রেসিডেন্ট

আসন্ন ২০২৬ সালের ব্রিকস সম্মেলনে যোগ দিতে ভারত সফর করবেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ইরানি সূত্রের বরাতে এ তথ্য জানিয়েছে এশিয়ান নি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/prdhanmntrir-basbhbner-samne-bikshobh-rahul-priyangkake-sriye-dil-pulish